...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা
www.sylhet.gov.bd

সিলেট জেলা উন্নয়ন সমন্বয় কমিটির জুলাই/২০২১ মাসের সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | এম কাজী এমদাদুল ইসলাম<br>জেলা প্রশাসক, সিলেট |
| সভার তারিখ | ১৮ জুলাই, ২০২১ |
| সভার সময় | সকাল ১০.০০ ঘটিকা |
| স্থান | Zoom Application এর মাধ্যমে সকল দপ্তর সংযুক্ত হয় |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। আলোচনার শুরুতে জুন/২০২১ মাসের জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। অত:পর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট বিগত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহের আলোকে বিভিন্ন দপ্তর হতে প্রাপ্ত অগ্রগতি প্রতিবেদন ও কার্যপত্রসমূহ উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক | দপ্তরের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ১. | স্বাস্থ্য বিভাগ | সিভিল সার্জন সিলেট বলেন, বর্তমানে সিলেট জেলায় করোনা সংক্রমণের একটা কঠিন পরিস্থিতি যাচ্ছে। বিগত দুই সপ্তাহে আক্রান্তের হার ৫০% এর উপরে থাকলেও বর্তমানে ৪০% এর কাছাকাছি রয়েছে। সারাদেশের মতো সিলেটেও অক্সিজেন প্রয়োজনের তুলনায় অপ্রতুল। করোনা রোগীর সংখ্যা বৃদ্ধি পেলে অক্সিজেন সংকট হবে বলে তিনি আশংকা প্রকাশ করেন। অক্সিজেন সিলিন্ডার রিফিল কিছুটা সময়সাপেক্ষ ব্যাপার অনেকগুলো অক্সিজেন সিলিন্ডার একসাথে করে পাঠাতে হয়। তাছাড়া চলমান লকডাউনে যানজটসহ বিভিন্ন কারণে অক্সিজেন পরিবহনকারী গাড়ির সময়মত সরবরাহ ব্যাহত হচ্ছে। তিনি বলেন শহীদ শামসুদ্দিন আহমেদ হাসপাতালের পাশাপাশি অন্যান্য হাসপাতালে করোনা রোগী ভর্তির ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তিনি আরো জানান করোনা পরিস্থিতির অবনতির পাশাপাশি জেলায় ডেঙ্গু প্রকোপ বৃদ্ধি পেয়েছে। এডিস মশার বিস্তার রোধে সকলকে প্রয়োজনীয় পরিস্কার পরিচ্ছন্নতা বজায় রাখার জন্য তিনি অনুরোধ জানান। তিনি আরও জানান টিকা গ্রহণ সাপেক্ষে বিদেশগামী যাত্রীদের বিদেশযাত্রায় কোন সমস্যা নাই। বিদেশ থেকে আগত যাত্রীদের মধ্যে যারা ২ ডোজ টিকা নিয়ে এসেছে তাদের কোয়ারেন্টান প্রয়োজন নাই। ঈদুল আযহায় করোনা সংক্রমন বিস্তার রোধ করতে পর্যটন কেন্দ্রগুলো বন্ধ রাখতে হবে। জনগনের চলাচল সীমিত রাখতে হবে। চেয়ারম্যান ওসমানীনগর বলেন, সকলকে টিকার আওতায় আনতে হবে। বেসরকারি হাসপাতালে করোনার চিকিৎসা অনেক ব্যয়বহুল বিধায় সরকারি হাসপাতালগুলোতে সুযোগ সুবিধা বাড়াতে হবে। সিলেট জেলায় স্বাস্থ্য ব্যবস্থা বর্তমানে ভালো অবস্হানে রয়েছে উল্লেখ করে বলেন ক স্বাস্থ্যবিধি মানতে জনগণকে আরো সচেতন করতে হবে। উপজেলা নির্বাহী অফিসার, সদর বলেন, বাইরের বিভিন্ন জেলা/ উপজেলা থেকে সিলেট শহরে অধিক হারে লোক আসছে। এতে করে সংক্রমণ বেড়ে যাওয়ার আশংকা রয়েছে।এ ব্যাপারে পদক্ষেপ নেওয়া প্রয়োজন। | ০১। সকল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে করোনা রোগীর চিকিৎসা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় অবকাঠামো প্রস্তুত ও লোকবল নিয়োগ করতে হবে।<br>০২। ডেঙ্গু প্রতিরোধে সবাইকে সচেতন হতে হবে। বাড়ি ও প্রতিষ্ঠানের আঙ্গিনা, আশেপাশের ঝোপঝাড় ও জমে থাকা পানি পরিস্কার করতে হবে।<br>০৩। করোনার বিস্তার রোধ করতে সর্বাবস্থায় গণহারে টিকার রেজিস্ট্রেশন করতে সকলকে উদ্বুদ্ধ করতে প্রচারণা চালাতে হবে ।<br>০৪।ওসমানীনগরের তাজপুরে করোনার টিকা প্রদানের জন্য ১টি বুথ স্থাপন করতে হবে।<br>০৫। মহানগর ও উপজেলা পর্যায়ে ইউনিয়ন ও ওয়ার্ডভিত্তিক করোনা প্রতিরোধ কমিটি করোনা প্রতিরোধে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | ১।সিভিল সার্জন, সিলেট<br>২। দপ্তর প্রধান (সকল)<br>৩। উপপরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট<br>৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট |
| ২. | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | নির্বাহী প্রকৌশলী বলেন, উন্নয়ন প্রকল্পের কাজ চলমান আছে। বাৎসরিক মেরামতের কাজের পরিকল্পনার অংশ হিসেবে ২০২১-২২ অর্থবছরের প্রাক্কলন প্রেরণের কাজ চলমান রয়েছে। তিনি প্রাধিকার তালিকা সার্বিক সমন্বয় করে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট জনপ্রতিনিধিবৃন্দ, সিভিল সার্জন ও উপপরিচালক, পরিবার পরিকল্পনা-এর দৃষ্টি আকর্ষণ করেন। | সরকারের অগ্রাধিকারমূলক উন্নয়ন কাজ দ্রুত বাস্তবায়ন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩. | সড়ক ও জনপথ বিভাগ | (১) নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর বলেন, ঢাকা-সিলেট মহাসড়ক চারলেনে উন্নীতকরণে কাজ চলমান আছে। ভূমি অধিগ্রহণের সম্পূর্ণ প্রস্তাব প্রেরণের কাজ চলমান রয়েছে।সিলেট-ভোলাগঞ্জ সড়কের মূল কাজ শেষ হয়েছে। ব্লক এ কিছুটা সমস্যা হচ্ছে বলে উল্লেখ করে বলেন প্রয়োজনীয় লোকবল আছে, সমস্যা হলে তাৎক্ষনিক ব্যবস্থা নেয়া হবে। লামাকাজী সড়কের পার্শ্ব রাস্তার কাজ প্রাথমিকভাবে শুরু হয়েছে। তিনি আরো বলেন, ফেঞ্চুগঞ্জ উপজেলা পরিষদের লোহার গেইট লাগানো হয়েছে, রং লাগানোর কাজ বাকী রয়েছে। সাইড রোড করা ড্রেনের পানি আসায় রাস্তা নষ্ট হচ্ছে। নির্বাহী প্রকৌশলী আরো জানান যে, বর্ষায় যাতে রাস্তাঘাট নষ্ট না হয় সেজন্য বরাদ্দ না থাকলেও মেইনটেনেন্স বাজেট থেকে কাজ চলমান রয়েছে। | (১) ঢাকা-সিলেট মহাসড়ক চারলেনে উন্নীতকরণের লক্ষ্যে ভূমি অধিগ্রহণের শতভাগ কাজ সম্পন্ন করতে প্রয়োজনীয় সকল কাগজসহ দ্রুত প্রস্তাব পেশ করতে হবে।<br>(২) লালাবাজারে ড্রেন নির্মাণ করত হবে।সকল আর্বজনা সরাতে হবে,যেন পানি আটকে না থাকে।<br>(৩)খাদ্য গুদামের রাস্তা মেরামত করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, সিলেট |
| | | (২) উপজেলা নির্বাহী অফিসার, বিয়ানীবাজার বলেন, চারখাই পয়েন্টের রাস্তায় রোড ডিভাইডার ঠিকভাবে না বসালে দুর্ঘটনা ঘটার আশংকা রয়েছে। এছাড়াও চারখাই ফেরীরোড জরুরি ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। | (২)বিয়ানীবাজারের চারখাই পয়েন্ট এর রাস্তায় রোড ডিভাইডারের কাজ করতে হবে। চারখাই ফেরীরোড জরুরি ভিত্তিতে মেরামত করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, সিলেট |
| | | উপজেলা পরিষদ চেয়ারম্যান বালাগঞ্জ সিলেট-সুলতানপুর রাস্তার কাজ ধীর গতিতে চলছে। নির্বাচন আসন্ন তাই জরুরি ভিত্তিতে রাস্তার মেরামত কাজ সম্পন্ন করতে অনুরোধ করলে নির্বাহী প্রকৌশলী বলেন, বর্ষায় কাজ চলার মত আপাতত মেরামত করা হবে। মানসম্মত পাথর না পাওয়ায় কাজ সম্পূর্ণ করা সম্ভব হচ্ছে না। ঠিকাদারের গাফলতি রয়েছে। নির্দিষ্ট সময়ের মধ্যে কাজ সম্পন্ন না হলে ঠিকাদারের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। | (৩)বালাগঞ্জ-সুলতানপুর রাস্তার মেরামত কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ বিভাগ, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | (১)নির্বাহী প্রকৌশলী স্থানীয় সরকার প্রকৌশল সভায় জানান, ফেঞ্চুগঞ্জ-বালাগঞ্জ রাস্তার মেরামত কাজ শেষ হয়েছে। বালাগঞ্জ-খসরুপুর সড়ক মেরামতের সালিশ মোকদ্দমার অগ্রগতি লিখিতভাবে মেইল করা হয়েছে।<br>ইউটিএমআইডিপি প্রকল্প-এর মাধ্যমে প্রাক্কলন প্রেরণ করা হয়েছে। পাথরের সংকট থাকায় রাস্তার কাজ সম্পন্ন করতে বিলম্ব হচ্ছে। বর্তমানে লকডাউন শিথিল হওয়ায় পাথর আসতে শুরু হয়েছে। তিনি আরো জানান যে, গাছবাড়ী-হরিপুর রাস্তার কাছ অচিরেই শেষ হবে।<br>উপজেলা পরিষদ চেয়ারম্যান, বালাগঞ্জ জানতে চান, সালিশ মামলা রেখে কিভাবে রাস্তার কাজ সম্পন্ন করা সম্ভব হবে। তাজপুর-ওসমানীনগর প্রকল্পের মেয়াদ শেষ হয়ে গেছে বিধায় রাস্তা কিভাবে ঠিক হবে সে বিষয়ে তিনি আরো জানতে চান। সামান্য বৃষ্টি হলেই রাস্তা চলাচলের অনুপযোগী হয়ে পড়ে বিধায় সমস্যাটির আশু সমাধান প্রয়োজন উল্লেখ করেন।<br>উপজেলা পরিষদ চেয়ারম্যান, বালাগঞ্জ আরো বলেন, ফেঞ্চুগঞ্জ-বালাগঞ্জ রাস্তার অবস্থা অত্যন্ত খারাপ। ড্রেনেজ ব্যবস্থা না থাকায় জনগনের ভোগান্তি চরমে রয়েছে। পানির পাসিংওয়ে বা বের হওয়ার পৃথক পথ না থাকায় ড্রেনের পানির কারণে রাস্তা নষ্ট হচ্ছে বলে মনে করেন ।<br>নির্বাহী প্রকৌশলী বলেন, স্কীম পাঠানো হয়েছে। সালিশ মামলা চলমান থাকলে উন্নয়ন কাজে কোন সমস্যা হবেনা বলে তিনি জানান। রাস্তার বেহাল দশার জন্য জনগনের অসাবধনাতাকে দায়ী করেন। তিনি বলেন ড্রেনের উপর বিভিন্ন সময় ময়লা-আবর্জনা ফেলে পানি নিষ্কাশনের পথে বাঁধা সৃষ্টি করা হয়।<br>উপজেলা পরিষদ চেয়ারম্যান, ওসমানীনগর বলেন, উপজেলা পরিষদ কমপ্লেক্স উপজেলার হেডকোয়ার্টার হওয়া সত্ত্বেও পরিষদের সামনে সামান্য বৃষ্টির পানিতে জলাবদ্ধতার সৃষ্টি হয়। তিনি বলেন রাস্তা ও ড্রেনেজ ব্যবস্থার উন্নয়নের টেন্ডার হয়েছে কিন্তু কাজের কোন অগ্রগতি নেই। তিনি আরো বলেন, ঈদগাহবাজার- ওমরপুর এবং মাদারবাজার-খালেরমুখ রাস্তার খুবই বেহাল দশা। স্থানীয় জনগণ স্ব-উদ্যোগে কিছুটা চলাচলের উপযোগী করেছে। তাছাড়া গোয়ালাবাজার রাস্তায় ড্রেনেজ ব্যবস্থা না থাকায় পানি জমে থাকে। | ০১। ঈদগাহবাজার-মাদারবাজার-খালেরমুখ রাস্তার ভাঙ্গন রোধে পানি উন্নয়ন বোর্ডের মাধ্যমে নদী শাসন করে নদী ভাঙ্গন রোধ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>০২। রাস্তার উন্নয়ন কাজ সরেজমিন তদারকি করে মেরামতযোগ্য রাস্তা দ্রুত মেরামতের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | গণপূর্ত বিভাগ | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ বলেন, গোয়াইনঘাট মডেল মসজিদের ছাদ ঢালাইয়ের কাজ চলছে। ডিসেম্বর/২১ মাসের মধ্যে কাজ শেষ হবে বলে আশাবাদ প্রকাশ করেন। বালাগঞ্জ মডেল মসজিদের পাইলিংয়ের কাজ চলছে । ঢালাইয়ের কাজ মার্চে শুরু হবে। করোনো পরিস্থিতিতে চলমান লকডাউনের কারণে কাজের গতি কম হচ্ছে। এখন পর্যন্ত ২০% কাজ সম্পন্ন হয়েছে।<br>১০০ শয্যা বিশিষ্ট পূর্ণাঙ্গা ক্যান্সার হাসপাতাল দরপত্র মূল্যায়নের অনুমোদন প্রক্রিয়া চলমান রয়েছে। প্রকল্পস্থলে বেশ কিছু গাছ রয়েছে। বনবিভাগ কর্তৃক গাছগুলো অপসারনের জন্য দরপত্র আহবান করা হয়েছে। বিভাগীয় বন কর্মকর্তা জানান, বনবিভাগ কর্তৃক গাছগুলো লাগানো হয়নি। গাছকাটার ব্যাপারে এ কার্যালয় থেকে কোন দরপত্র আহ্বান করা হয়নি। | ১। ১০০ শয্যা বিশিষ্ট পূর্ণাঙ্গা ক্যান্সার হাসপাতাল নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>২। প্রকল্পস্থলে অবস্থিত গাছগুলো অপসারনের জন্য দরপত্র আহবানের বিষয়ে ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল কর্তৃপক্ষের সাথে আলোচনা করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ, সিলেট |
| ৬. | ইসলামিক ফাউন্ডেশন | ১) পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন বলেন, মডেল মসজিদে ইমাম, মুয়াজ্জিন, খাদেম পদে নিয়োগ সম্পন্ন হলে বেতন-ভাতা যথাসময়ে পরিশোধ করা হবে। ২০২০-২০২১ অর্থবছরে ৩,৫৭,২১০/- বিতরণ করা হয়েছে। বিতরণ কার্যক্রম চলমান আছে। | (১)গোয়াইনঘাট উপজেলা মডেল মসজিদের নির্মাণ কাজের নিয়মিত তথ্য সরবরাহ করতে হবে এবং তাগাদা দিতে হবে। | ১।পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট<br>২। উপজেলা নির্বাহী অফিসার, গোয়াইনঘাট, সিলেট |
| ৭. | জেলা পরিষদ | কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি। | | |
| ৮. | পানি উন্নয়ন বোর্ড | কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি। | | |
| ৯. | এসএমপি | কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি। | | |
| ১০. | পুলিশ সুপারের কার্যালয় | পুলিশ সুপার প্রতিনিধি বলেন, ০৭টি উন্নয়ন প্রকল্পের কাজ চলমান রয়েছে। এর মধ্যে ০৫ টি গণপূর্ত বিভাগের মাধ্যমে এবং ০২টি নিজস্ব অর্থায়নে সম্পন্ন হচ্ছে। এর মধ্যে গোয়াইনঘাট থানার ৮৮%, কোম্পানীগঞ্জ থানার ৭০%, পুলিশ লাইনের কাজ ৩০% সম্পন্ন হয়েছে। শেওলা চেকপোস্টের কাজ বিএসএফ এর আপত্তির সুরাহা না হওয়ায় নির্মাণ কাজ বন্ধ রয়েছে।<br>তিনি আরো বলেন, পবিত্র ঈদুল আযহায় পশুর হাট কার্যক্রম নজরদারি করা হচ্ছে। বিট পুলিশের মাধ্যমে কাউন্সেলিং করা হচ্ছে। পোষাকি পুলিশ সীমান্ত এলাকা দিয়ে যাতে অবৈধ গরু পাচার না হয় সে ব্যাপারে তৎপর রয়েছে। | চলমান প্রকল্পের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | ১। পুলিশসুপার, সিলেট<br>২। নির্বাহী প্রকৌশলী গণপূর্ত বিভাগ, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১. | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | নির্বাহী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর বলেন, পানির কূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। ঈদের পরে কাজ শেষ হবে। প্রতি ১০টি পরিবারের জন্য ১টি নলকূপ স্থাপন করা হবে।<br>সভাপতি সভায় বন্যার প্রস্তুতি সম্পর্কে জানতে চাইলে, নির্বাহী প্রকৌশলী বলেন, বন্যা মোকাবেলার জন্য যথাযথ প্রস্তুতি রয়েছে। পানি বিশুদ্ধকরণ ট্যাবলেট পর্যাপ্ত পরিমাণে রাখার পাশাপাশি ১৪টি করে অস্থায়ী নলকূল বসানোর ব্যবস্থা আছে। তাছাড়া বিশুদ্ধ পানির জন্য একটি প্লান্টের মাধ্যমে পানির ব্যবস্থা করা যাবে। | ১) মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্পের কাজ দ্রুত সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>২) বন্যার আগাম প্রস্তুতি হিসেবে সব ধরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট |
| ১২. | সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ | জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতি-১ বলেন, মুজিববর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীনদের জন্য নির্মিত ঘরসমূহে ওয়্যারিং কাজ চলমান আছে। জামানতের ৪০০ টাকা সরাসরি অথবা কিস্তিতে দেয়া যাবে। বিলের বিপরীতে জামানত স্লিপ পাবেন। তিনি আরো বলেন, ঘরপ্রতি ১৮০০ টাকা করে বাজেট বরাদ্দ দেয়া হয়েছে এবং বাজেটের মধ্যে কাজ সম্পন্ন করতে হবে। সভাপতি জানতে চান, জামানত হিসেবে ৪০০ টাকা প্রদান সংক্রান্ত সার্কুলার সম্পর্কে প্রচার করা হয়েছে কিনা। উপজেলা নির্বাহী অফিসার, গোলাপগঞ্জ বলেন, ঘরসমূহে ওয়্যারিং এর কাজ ভালোভাবে করা হচ্ছে। কিন্তু ঘরসমূহে যে সুইচবোর্ড লাগানো হয়েছে তাতে ফ্যানের লাইনের সুইচ না থাকায় পরবর্তীতে ফ্যান লাগাতে গেলে সমস্যা হবে। | ১) মুজিববর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীনদের জন্য নির্মিত ঘরসমূহে ওয়্যারিং কাজের জন্য জামানত হিসেবে ৪০০ টাকা সরাসরি অথবা কিস্তিতে প্রদানের বিষয়টি ব্যাপক প্রচার করতে হবে।<br>২) নির্মিত ঘরসমূহে ওয়্যরিংএর সময় স্থাপিত সুইচবোর্ডে ফ্যানের সুইচ সংযোগ দিতে হবে। | ১। জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ সমিতি-১ ও ২, সিলেট |
| ১৩. | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর বলেন, রোপা আমন এবং আউশ ধান এখন মাঠে আছে। আগস্ট ১ম সপ্তাহ পর্যন্ত বীজ তোলা হবে। বৃষ্টি কম হওয়ায় আউশের বীজ হতে পর্যাপ্ত চারা হয়নি বিধায় রোপা আমন ধানের মাধ্যমে আউশের ঘাটতি পূরণ করা হবে। সার পর্যাপ্ত মজুদ আছে। | ১)আউশের বীজ হতে চারা উৎপাদন কম হওয়ায় রোপা আমন ধানের মাধ্যমে আউশের ঘাটতি পূরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট |
| ১৪. | বিএডিসি (সেচ) বিভাগ | কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি। | | |
| ১৫. | জেলা খাদ্য বিভাগ | জেলা খাদ্য নিয়ন্ত্রক সিলেট জানান, পর্যাপ্ত পরিমাণে ধান সংগ্রহে আছে। ধান সংগ্রহে সিলেট জেলার সার্বিক অর্জন ভালো। এ পর্যন্ত ৯৭% ধান সংগ্রহ করা হয়েছে। জুলাই মাসের মধ্যে ১০০% ধান সংগ্রহ সম্ভব হবে। | ধান সংগ্রহের লক্ষ্যমাত্রা ১০০% করতে হবে । | ১। জেলা খাদ্য নিয়ন্ত্রক, সিলেট<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট |
| ১৬. | জেলা মৎস্য বিভাগ | জেলা মৎস্য কর্মকর্তা বলেন, খাল, বিল, নদী, নালাসহ অন্যান্য জলাশয়ে পানি প্রবাহের কিংবা মাছের স্বাভাবিক চলাচলে বাধাগ্রস্থ/ প্রতিবন্ধকতা সৃষ্টি করে বা অন্য কোন অবৈধ উপায়ে যাতে কেউ ডিমওয়ালা মাছ বা মাছের পোনা আহরণ করতে না পারে সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকতে হবে। তিনি করোনাকালীন সময়ে বিভিন্ন জায়গা থেকে আসা মাছ বহনকারী গাড়ি সহজে আসতে পারে সে ব্যাপারে প্রয়োজনীয় সহযোগিতা অনুরোধ জানান। | মাছ চাষের প্রতিবন্ধকতা দূরীকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ব্যাপারে সব ধরনের সহযোগিতা অব্যাহত থাকবে । | ১। পুলিশ সুপার, সিলেট<br>২। জেলা মৎস্য কর্মকর্তা, সিলেট<br>৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | জেলা প্রাণিসম্পদ বিভাগ | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, অনলাইন প্লাটফর্মের মাধ্যমে কোরবানির পশু কেনা-বেচা কার্যক্রম চলছে। সিলেট জেলায় মোট পশুর চাহিদা রয়েছে ১,৭২,০০০টি। সরকারি ওয়েবসাইটে ১৫৮৮২টি কোরবানির পশুর তথ্য আপলোড হয়েছে। অনলাইনের মাধ্যমে এ পর্যন্ত ১৪৭৯টি পশু কেনা বেচা হয়েছে। সিলেট জেলায় মোট সরকারি হিসেবে ২৫৭৩টি খামার রয়েছে।<br>বিভাগীয় বন কর্মকর্তা গরু জবাইয়ের পর চামড়া সংরক্ষনের প্রক্রিয়া সম্পর্কে জানতে চাইলে জেলা প্রানিসম্পদ কর্মকর্তা বলেন, পশু জবাইয়ের পর ৫-৭ কেজি লবন সাথে সাথে দিলে চামড়া সংরক্ষণ প্রক্রিয়া ভালো থাকে। উপ-মহাব্যবস্থাপক, বিসিক বলেন, পর্যাপ্ত পরিমাণে লবন মজুদ আছে। | ১) আসন্ন ঈদ-উল-আযহায় দেশীয় পশু কোরবানী নিশ্চিত করতে হবে। সীমান্তবর্তী এলাকা দিয়ে ভারতীয় গরু চোরাচালান সম্পূর্ণরূপে প্রতিহত করতে হবে।<br>২) পবিত্র ঈদুল আযহায় কোরবানী প্রদানের স্থান নির্ধারণ করে বর্জ্য ব্যবস্থাপনার বিষয়ে সকলকে সচেতন করতে হবে।<br>৩) বেসরকারি প্লাটফর্মে জেলায় কতগুলো খামার আছে তার তথ্য সংগ্রহ করতে হবে। | ১। সেক্টর কমান্ডার, বিজিবি, সিলেট<br>২। প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন<br>৩। পুলিশ সুপার, সিলেট<br>৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সিলেট<br>৫। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট |
| ১৮. | সিলেট বন বিভাগ | বিভাগীয় বন কর্মকর্তা বলেন, সিলেট জেলায় এ পর্যন্ত ১ লক্ষ ৮০ হাজার চারা লাগানো হয়েছে। সিলেট এম. সি. কলেজ, সিলেট কৃষি বিশ্ববিদ্যালয় সহ বিভিন্ন প্রতিষ্ঠানে চারা লাগানো হয়েছে। পরিবার পরিকল্পনা কার্যালয়ে চারা লাগানোর যথেষ্ট স্পেস না থাকায় চারা লাগানো সম্ভব হয় নাই। | প্রতিষ্ঠানভিত্তিক বনায়নে চারা প্রাপ্তির জন্য সিলেট বন বিভাগ-এর সাথে যোগাযোগ করতে হবে। | ১।বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট<br>২। সংশ্লিষ্ট দপ্তর প্রধান |
| ১৯. | পরিবেশ অধিদপ্তর | কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি। | | |
| ২০. | শিক্ষা প্রকৌশল অধিদপ্তর | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর জানান বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের সম্প্রসারণের ১১টি প্রকল্প চলমান আছে। সভাপতি বলেন, বিশ্বনাথ উপজেলার ১টি প্রকল্পসহ বিভিন্ন প্রকল্পে নির্মাণকাজের গুণগত মানের বিষয়ে অভিযোগগুলোর বিষয়ে তদারকি করে সমস্যা সমাধান করতে হবে। | নিয়মিত তদারকির মাধ্যমে কাজের গুণগতমান অক্ষুন্ন রেখে যথাসময়ে সকল প্রকল্পের নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে। | নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর |
| ২১. | জেলা শিক্ষা অফিস | কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি। | | |
| ২২. | জেলা প্রাথমিক শিক্ষা অফিস | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর নির্দেশনা অনুযায়ী অনলাইন ক্লাশ পরিচালনার লক্ষ্যে গুগল মিট অ্যাপস ব্যবহারে শিক্ষক এবং বিদ্যালয়ের শিক্ষার্থীদের ( যাদের স্মার্ট ফোন আছে) এবং তাদের অভিভাবকদের গুগল মিট অ্যাপস ব্যাবহারের উপর ওরিয়েন্টেশন প্রদান করা হয়েছে। জকিগঞ্জ উপজেলায় নেটওয়ার্ক সমস্যার কারণে গুগল মিট অ্যাপস ব্যবহারে সমস্যা হচ্ছে। উপজেলা পরিষদ চেয়ারম্যান, ওসমানীনগর বলেন, দীর্ঘদিন স্কুল বন্ধ থাকায় বর্তমানে স্কুলের অবস্থা খুবই অপরিচ্ছন্ন। স্কুলের সামনে ময়লা-আবর্জনার স্তুপ তৈরি হয়েছে। শিক্ষকরা যেন সপ্তাহে অন্তত ১দিন স্কুলে যায় সে ব্যাপারে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | করোনা পরিস্থিতির উত্তরণ হলে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ খুলে দেওয়ার বিষয়টি মাথায় রেখে পরিস্কার পরিচ্ছন্ন কার্যক্রম চলমান রাখতে হবে। সুপেয় পানির ব্যবস্থা রাখতে হবে। | |
| ২৩. | জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো | কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৪. | জেলা সমাজসেবা কাযালয় | উপপরিচালক, জেলা সমাজসেবা বলেন, দক্ষিণসুরমা উপজেলার বীর মুক্তিযোদ্ধাদের জানুয়ারি-ফেব্রুয়ারি মাসের বেতনের ব্যাপারে যোগাযোগ করা হয়েছে। চলতি মাসে অথবা আগামী মাসে ভাতা প্রেরণ করা হবে। তিনি আরও জানান যে, অভিযোগ, আপত্তি বা তথ্য বিভ্রাটসহ বিভিন্ন জটিলতার কারণে জানুয়ারি-জুন ২০২১ মাস পর্যন্ত স্থগিতকৃত সম্মানি ভাতা সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধাগণের ব্যাংক হিসাব বরাবর প্রেরণ করার জন্য মঞ্জুরি প্রেরণ করা হয়েছে। কিন্তু কার কোন মাস বাকী সে সংক্রান্ত কোন তথ্য দেয়া হয়নি। কিন্তু বীর মুক্তিযোদ্ধাদের ভাতা সংক্রান্ত তথ্যাদি এমআইএস-এ কেন্দ্রীয়ভাবে সংরক্ষণ করা হয় এবং সরাসরি পে-রোলের মাধ্যমে প্রদান করা হয়ে থাকে। সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধাদের কত সংখ্যক মাস বকেয়া রয়েছে এবং কোন কোন মাস বকেয়া রয়েছে তার তথ্য প্রাপ্তি ব্যতীত বর্ণিত ভাতা বাবদ অর্থ প্রদান করা সম্ভব হবে না মর্মে সভায় জানানো হয়। সভাপতি বলেন সমস্যা উল্লেখ করে দুত কর্তৃপক্ষকে জানাতে হবে। | মুক্তিযোদ্ধাদের সম্মানী ভাতার সমস্যা নিরসনের লক্ষ্যে ও সঠিক সময়ে ভাতা প্রাপ্তির লক্ষ্যে প্রয়োজনীয় যোগাযোগ করতে হবে। | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট |
| ২৫. | প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র | কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি। | | |
| ২৬. | মহিলা বিষয়ক অধিদপ্তর | কোন আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি। | | |
| ২৭. | জেলা শিশু একাডেমী | কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি। | | |
| ২৮. | যুব উন্নয়ন অধিদপ্তর | কোন আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি। | | |
| ২৯. | ঔষধ প্রশাসন | সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর বলেন বাজারে প্যারাসিটামল জাতীয় ঔষধ পর্যাপ্ত পরিমাণে আছে। | ফার্মেসীগুলোতে নিয়মিত তদারকি অব্যাহত রাখতে হবে। | সহকারী পরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর |
| ৩০. | জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর | কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি। | | |
| ৩১. | জেলা নির্বাচন অফিস | কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি। | | |
| ৩২. | বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস | কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি। | | |
| ৩৩. | জেলা তথ্য অফিস | কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি। | | |
| ৩৪. | পিডিবিএফ | কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি। | | |
| ৩৫. | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার | কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩৬. | বিআরডিবি | কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি। | | |
| ৩৭. | জেলা পরিসংখ্যান অফিস | কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি। | | |
| ৩৮. | জেলা ক্রীড়া অফিস | কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি। | | |
| ৩৯. | জেলা সমবায় অফিস | কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি। | | |
| ৪০. | বিসিক | কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি। | | |
| ৪১. | নগর উন্নয়ন অধিদপ্তর | কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি। | | |
| ৪২. | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল | কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি। | | |
| ৪৩. | বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর | আবহাওয়াবিদ, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর বলেন, এ বছর এখন পর্যন্ত বৃষ্টি কম হচ্ছে। জুলাই মাস পর্যন্ত আবহাওয়া স্বাভাবিক থাকবে। বন্যার সম্ভবনা কম রয়েছে। তিনি আরো বলেন, আবহাওয়া অফিসের চত্বরে ইদানিং বখাটে ছেলেদের উৎপাত বেড়ে গেছে। অফিসে প্রাঙ্গনে প্রায়ই ছিনতাইসহ অন্যান্য অসামাজিক কার্যকলাপ চলছে। আগে নিরাপত্তার দায়িত্বে ৪ জন পুলিশ নিয়োজিত ছিল। বর্তমানে কোন পুলিশ সেখানে নিরাপত্তার দায়িত্বে নেই। এ ব্যাপারে তিনি সহযোগিতা কামনা করেন। | আবহাওয়া অধিদপ্তরের নিরাপত্তার স্বার্থে পুলিশ নজরদারি বৃদ্ধি করতে হবে এবং যেকোন ধরনের সমস্যার জন্য এসএমপি, সিলেট এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১) উপপুলিশ কমিশনার (সদর ও প্রশাসন), সিলেট<br>২) আবহাওয়াবিদ, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, সিলেট |
| ৪৪. | বাংলাদেশ শিল্পকলা একাডেমি | কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি। | | |
| ৪৫. | বিটিসিএল | কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি। | | |
| ৪৬. | জেলা ডাক বিভাগ | কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি। | | |
| ৪৭. | বাংলাদেশ রেলওয়ে | কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি। | | |
| ৪৮. | আঞ্চলিক শ্রম দপ্তর | কোনো আলোচনাযোগ্য বিষয় উত্থাপিত হয়নি। | | |
| ৪৯. | তাঁত প্রশিক্ষণ কেন্দ্র | ইন্সট্রাক্টর, তাঁত প্রশিক্ষণ কেন্দ্র, সিলেট বলেন, জুন/২০২১ মাসে ২০জন তাঁতীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে । সভাপতি সভায় বলেন, তাঁত শিল্পে মনিপুরীদের অবদান রয়েছে। তাদেরকে সঠিক প্রশিক্ষণ ও সুযোগ-সুবিধা প্রদান করা হলে তাদের উন্নয়ন ত্বরান্বিত হবে। | তাঁত প্রশিক্ষণ কেন্দ্রে মুনিপুরীদের সঠিকভাবে প্রশিক্ষণ ও তাদের পর্যাপ্ত সুযোগ-সুবিধা প্রদান করতে হবে। | ইন্সট্রাক্টর, তাঁত প্রশিক্ষণ কেন্দ্র, সিলেট |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫০. | বিবিধ | (ক) তথ্য প্রযুক্তির ব্যবহার ও ই-ফাইলিং কার্যক্রমঃ তথ্য প্রযুক্তির ব্যবহার দেশের সর্বক্ষেত্রে উন্নয়ন ও অগ্রগতির একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ অনুষঙ্গ বিবেচনায় সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। প্রত্যেক সরকারি/বেসরকারি অফিসে কম্পিউটার, ই-মেইল ও ইন্টারনেটের ব্যবহার নিশ্চিত করার জন্যও সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। সকল বিভাগ কে ই-ফাইলে সংযুক্ত হওয়া এবং ই-নথির মাধ্যমে অফিসের যাবতীয় কার্যক্রম পরিচালনার অনুরোধ করা হয়। অফিসের কাজে ব্যক্তিগত কোন ই-মেইল ব্যবহার করা যাবে মর্মে উল্লেখ করা হয়। সকল বিভাগকে স্ব-স্ব অফিসের নামে ই-মেইল চালুপূর্বক অফিসের কার্যক্রম অফিসের ই-মেইলের মাধ্যমে সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। | ১)। সকল দপ্তরসমূহে যোগাযোগের ক্ষেত্রে অফিসিয়াল ই-মেইল ব্যবহার করতে হবে। অফিসিয়াল ইমেইল সক্রিয় না থাকলে দ্রুততার সাথে সক্রিয় করতে হবে।<br>২) সকল বিভাগ কে ই-ফাইলে সংযুক্ত হওয়া এবং ই-নথির মাধ্যমে অফিসের যাবতীয় কার্যক্রম পরিচালনা করতে হবে। ই-নথি সংক্রান্ত কোন প্রশিক্ষণের প্রয়োজন হলে এ অফিসে যোগাযোগ করতে হবে। | ১। দপ্তর প্রধান (সকল)<br>২। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট |
| | | (খ) ভিশন-২০২১ বাস্তবায়নঃ ভিশন-২০২১ বর্তমান সরকারের একটি গুরুত্বপূর্ণ অঙ্গীকার। এ অঙ্গীকারের বিভিন্ন লক্ষ্যমাত্রাগুলো যথাসময়ে অর্জনের মাধ্যমে স্বপ্নের বাংলাদেশ গড়া সম্ভব। সে লক্ষ্যে জনপ্রতিনিধিসহ সরকারের সকল বিভাগের সরকারি ও বেসরকারি কর্মকর্তা/ কর্মচারীদের উপর অর্পিত দায়িত্ব সঠিকভাবে পালন করা অপরিহার্য। সরকারের এই ভিশন বাস্তবায়নে সবাইকে সচেষ্ট থাকার অনুরোধ করা হয়। | ভিশন-২০২১ এর লক্ষ্যসমূহের আলোকে বার্ষিক কর্মসম্পাদন চুক্তিসহ অন্যান্য পরিকল্পনা বা কর্মকৌশল প্রণয়ন করতে হবে। | ১। দপ্তর প্রধান (সকল)<br>২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল)<br>৩। মেয়র, পৌরসভা (সকল)<br>৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল) |
| | | (গ) দক্ষ শ্রমশক্তি সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানঃ প্রবাসী কল্যাণ ভবন, প্রশিক্ষণ অধিশাখা, ঢাকা ও ২৬ জানুয়ারি-২০১৫ তারিখের ২৬৮ নম্বর স্মারকে মাননীয় প্রধানমন্ত্রীর গত ২৩-১১-২০১৪ তারিখে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় পরিদর্শনকালে প্রদত্ত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধ জানানো হয়। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক পরিদর্শনকালীন দিক নির্দেশনা নিম্নরূপ:<br>১। বিদেশে বাংলাদেশী কর্মীদের আরো অধিক হারে কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ ও দক্ষ শ্রমশক্তি সৃষ্টির জন্য প্রশিক্ষণ কার্যক্রম জোরদার করতে হবে।<br>২। জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালার আলোকে অন্যান্য যে সকল মন্ত্রণালয় ও প্রশিক্ষণ প্রতিষ্ঠান বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করে থাকে তাদের সঙ্গে সমন্বয়পূর্বক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে অধিক হারে দক্ষ জনশক্তি সৃষ্টি করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রীর দিক নির্দেশনামূলক বক্তব্য প্রশিক্ষণের সাথে সম্পৃক্ত সকল বিভাগ যথাযথভাবে বাস্তবায়ন পূর্বক এর অগ্রগতি প্রতিবেদন নিয়মিত প্রবাসী কল্যাণ ভবন, প্রশিক্ষণ অধিশাখায় প্রেরণের বিষয়ে সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। | জাতীয় দক্ষতা উন্নয়ন নীতিমালার আলোকে স্থানীয় চাহিদার নিরিখে প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন করবে। | দপ্তর প্রধান (সংশ্লিষ্ট সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | (ঘ) দুর্নীতি প্রতিরোধ সংক্রান্তঃ দুর্নীতি একটি সামাজিক ব্যাধি এবং জাতীয় উন্নয়ন ও অগ্রগতির অন্যতম প্রতিবন্ধক। ফলশ্রুতিতে দেশীয় ও বৈদেশিক বিনিয়োগ কাঙ্ক্ষিত পর্যায়ে এখনও পৌঁছেনি। বিভিন্ন প্রতিষ্ঠানের গবেষণায় দেখা গেছে যে, দুর্নীতি রোধ করতে পারলে দেশের জিডিপি প্রতিবছর প্রায় ২% বৃদ্ধি করা সম্ভব। তাই দুর্নীতি প্রতিরোধে প্রো-এ্যাকটিভ মনিটরিংয়ের মাধ্যমে রাষ্ট্রীয় পর্যায়ে সরকারি ক্রয়-প্রক্রিয়া, জনবল নিয়োগ, প্রকল্প গ্রহণ ও প্রকল্প বাস্তবায়নে জেলার আওতাধীন দপ্তরসমূহের দুর্নীতির ধূসর এলাকাসমূহ শনাক্তকরণপূর্বক দুর্নীতি দমন কর্মসূচির আওতাভুক্ত করণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>**সূত্র:** মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ১৯/০৩/২০১৭ তারিখের ০৪.০০.০০০০.৫২১.৩৫.০৬২. ১৫-৮৫ নম্বর ডি.ও পত্র। | দুর্নীতি প্রতিরোধে তথ্য প্রবাহ নিশ্চিত করতে হবে। সরকারি অফিসের ওয়েবসাইটসমূহে হালনাগাদ তথ্য প্রদান করতে হবে। | দপ্তর প্রধান (সকল) |
| | | (ঙ) জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নঃ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন এবং সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে করণীয় বিষয়ে অদ্য সভায় আলোচনা হয়। প্রতি মাসে অনুষ্ঠিত জেলা উন্নয়ন সমন্বয় সভায় জেলা পর্যায়ের সরকারি দপ্তরসমূহ অংশগ্রহণ করে বিধায় সকলের অংশগ্রহণে শুদ্ধাচার ও উত্তম চর্চা বিষয়ে আলোচনা করা সম্ভব হবে। | ১) সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে নিয়মিত সভা আয়োজন এবং সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে। | দপ্তর প্রধান (সকল) |

পরিশেষে জেলার বিভিন্ন বিভাগের গৃহীত উন্নয়ন কার্যক্রম মানসম্মতভাবে যথাসময়ে বাস্তবায়নের মাধ্যমে সরকারের অঙ্গীকার পূরণে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ ও সভায় নিয়মিত উপস্থিত হওয়ার আহ্বান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক, সিলেট

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০১০.০৬.০০৫.২০.৫৬৫

তারিখ: ২৭ শ্রাবণ ১৪২৮
১১ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৪) বিভাগীয় কমিশনার, সিলেট

৫) পুলিশ সুপার, সিলেট

৬) প্রধান নির্বাহী কর্মকর্তা , প্রধান নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, সিলেট সিটি কর্পোরেশন
৭) সিভিল সার্জন, সিলেট
৮) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট
৯) অধ্যক্ষ,..............................(সকল),সিলেট
১০) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
১১) উপ-পুলিশ কমিশনার (সদর ও প্রশাসন), এসএমপি
১২) অতিরিক্ত জেলা প্রশাসক, সার্বিক, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
১৩) নির্বাহী প্রকৌশলী ............................................ (সকল), সিলেট
১৪) পরিচালক, বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস, সিলেট
১৫) পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন সিলেট বিভাগীয় কার্যালয়
১৬) বিভাগীয় বন কর্মকর্তা, সিলেট
১৭) জেলা প্রাণিসম্পদ অফিসার, জেলা প্রাণিসম্পদ অফিস, জেলা প্রাণিসম্পদ কার্যালয়, সিলেট
১৮) জেলা মৎস্য কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, সিলেট
১৯) আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, সিলেট
২০) পরিচালক/উপপরিচালক, ...................................... (সকল), সিলেট
২১) জেলা কমান্ড্যান্ট, জেলা কমান্ড্যান্ট এর দপ্তর, জেলা আনসার ও ভিডিপি কার্যালয়, সিলেট
২২) চেয়ারম্যান ...................................................... উপজেলা পরিষদ (সকল), সিলেট
২৩) উপজেলা নির্বাহী অফিসার, সিলেট সদর/সিলেট/বালাগঞ্জ/সিলেট/জৈন্তাপুর/সিলেট
২৪) মেয়র,-------------------------পৌরসভা (সকল), সিলেট
২৫) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, সিলেট
২৬) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, সিলেট
২৭) সহকারী পরিচালক..............................(সকল),সিলেট
২৮) জেনারেল ম্যানেজার, সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১
২৯) জেনারেল ম্যানেজার (চলতি দায়িত্ব), সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-২
৩০) জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, সিলেট
৩১) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ত্রাণ ও পুনর্বাসন শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
৩২) জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, বাংলাদেশ শিশু একাডেমি, সিলেট
৩৩) জেলা মার্কেটিং অফিসার, সিলেট
৩৪) জেলা ক্রীড়া অফিসার, জেলা ক্রীড়া অফিসারের কার্যালয়, জেলা ক্রীড়া অফিস, সিলেট
৩৫) জেলা রেজিস্ট্রার, সিলেট
৩৬) জেলা নির্বাচন অফিসার, সিলেট
৩৭) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট
৩৮) জেলা কালচারাল অফিসার, জেলা শিল্পকলা একাডেমি, সিলেট
৩৯) জেলা সমবায় অফিসার, জেলা সমবায় অফিস, সিলেট
৪০) উপ-মহাব্যবস্থাপক, বিসিক, খাদিমনগর, সিলেট
৪১) উপ-কমিশনার, আবগারী ও ভ্যাট বিভাগ, সিলেট
৪২) উপ-মহাব্যবস্থাপক, জালালাবাদ গ্যাস, সিলেট
৪৩) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, মৃত্তিকা সম্পদ উন্নয়ন
৪৪) উপমহাব্যবস্থাপক (টেলিকম), বিটিসিএল, সিলেট
৪৫) ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল, সিলেট

৪৬) স্টেশন ম্যানেজার, সিলেট রেলওয়ে স্টেশন, সিলেট

৪৭) সুপারিনটেনডেন্ট, পিটিআই, সিলেট

৪৮) সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর, সিলেট

৪৯) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, সাইট্রাস গবেষণা কেন্দ্র, জৈন্তাপুর, সিলেট

৫০) উপ মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, সিলেট

৫১) আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, সিলেট

৫২) আবহাওয়াবিদ, নির্ভরশীল আবহাওয়া অফিস, সিলেট

৫৩) প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র, সিলেট

৫৪) আঞ্চলিক প্রশিক্ষণ কর্মকর্তা, ধর্মীয় ও আর্থ সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত, সেবাইতদের দক্ষতা বৃদ্ধিকরণ কার্যক্রম, সিলেট

৫৫) উপব্যবস্থাপক (বিক্রয়), মেঘনা পেট্রোলিয়াম লি: সিলেট

৫৬) ব্যবস্থাপক, যমুনা অয়েল কোম্পানী লি: সিলেট

৫৭) ব্যবস্থাপক, পদ্মা অয়েল কোম্পানী লি: ,সিলেট

৫৮) প্রতিনিধি, ব্যবস্থাপনা পরিচালক, পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ (পিজিসিবি) লি: ঢাকা

এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক